

উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী
উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব নাজমুল হাসান নীরা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর নেত্রকোণা।
সভার স্থান	:	ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
তারিখ	:	০৯/০৬/২০২২ খ্রি.
সময়	:	৪.০০ টা।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তুসমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ/সিদ্ধান্ত
০১	গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃষ্টীকরণ	সমাজকল্যাণ বিষয়ক কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন আপত্তি বা সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।
০২	বেসরকারী এতিমখানা সম্পর্কে আলোচনা	সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ের আওতাধীন নিবন্ধনকৃত বেসরকারী এতিমখানা রয়েছে। এতিমখানার নিবাসীদের জন্য খাদ্য, ঔষধ ও পোষাক বাবদ বরাদ্দ প্রয়োজন।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সভার পড়া থেকে সুপারিশ করা হয়।
০৩	করোনা ভাইরাস বিষয়ক আলোচনা	সারা পৃথিবীর ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাস ব্যাপক হারে বিস্তার লাভ করেছে। এ ভাইরাসের বিস্তার প্রতিরোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য করোনা টিকা গ্রহণের জন্য সভার মাধ্যমে আহ্বান জানানো হয়। উপজেলা পরিষদের অর্থায়নে মাস্ক ও স্যানিটাইজার বিতরণের জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়।	করোনা ভাইরাস বিস্তাররোধ কল্পে উপজেলা পরিষদ হতে স্বাস্থ্য সামগ্রী বিনামূল্যে বিতরণ ও টিকা গ্রহণের জন্য প্রচার করার জন্য সভায় সুপারিশ করা হয়।

বিবিধঃ বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি।
উপজেলা পরিষদ
দুর্গাপুর নেত্রকোণা।